# আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২ : ১

## আরবি মূল আয়াত:

وَ الطُّوۡرِ ﴿۱﴾

## অনুবাদসমূহ:

কসম তূর পর্বতের, — আল-বায়ান

শপথ তূর (পর্বত) এর, — তাইসিরুল

শপথ তুর পর্বতের, — মুজিবুর রহমান

By the mount — Sahih International

### ১. শপথ তূর পর্বতের(১),

(১) বলা হয়ে থাকে যে, সুরিয়ানী ভাষায় طور (তূর) এর অর্থ পাহাড়, যাতে লতাপাতা ও বৃক্ষ উদগত হয়। এখানে তূর বলে মাদইয়ানে অবস্থিত তূরে-সিনীন বোঝানো হয়েছে। এই পাহাড়ের উপর মুসা আলাইহিস সালাম আল্লাহ তা'আলার সাথে বাক্যালাপ করেছিলেন। তূরের কসম খাওয়ার দ্বারা মহান আল্লাহ এ পাহাড়টিকে সম্মানিত করেছেন। [ফাতহুল কাদীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (১) শপথ তূর (পর্বতের), [1]

[1] طُوْرٌ সেই পাহাড়, যেখানে মূসা (আঃ) মহান আল্লাহর সাথে বাক্যালাপ করেছিলেন। এই পাহাড়টিকে 'তূরে সাইনা'ও বলা হয়। তার এই বিশেষ মর্যাদার কারণে মহান আল্লাহ তার কসম খেয়েছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন